

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে দু'দিনব্যাপী 'তৃতীয় সংগীত উৎসব ২০১৯' এর উদ্বোধন



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সংগীত বিভাগের উদ্যোগে নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে দু'দিনব্যাপী (২০-২১ মার্চ) 'তৃতীয় সংগীত উৎসব ২০১৯' বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ভবন চত্বরে অনুষ্ঠিত হচ্ছে। অনুষ্ঠানসমূহের মধ্যে রয়েছে দেশী-বিদেশী বরণ্য শিল্পীদের সংগীত পরিবেশনা, জগন্নাথ বিশ্ববিদ্যালয় ছাত্র-ছাত্রী ও শিক্ষকদের পরিবেশনা, নৃত্যনাট্য, সেমিনার ও সম্মাননা প্রদান।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান ২০ মার্চ-২০১৯, বুধবার সকাল ১১টায় বিজ্ঞান ভবন চত্বরে 'তৃতীয় সংগীত উৎসব-২০১৯' এর উদ্বোধন করেন।